

🔳 আস-সাজদাহ | As-Sajda | ٱلسَّجْدَة

আয়াতঃ ৩২: ৭

💵 আরবি মূল আয়াত:

الَّذِي اَحسَنَ كُلَّ شَيءٍ خَلَقَهُ وَ بَدَا خَلقَ الإنسَانِ مِن طِينٍ ﴿٧﴾

যিনি তাঁর প্রতিটি সৃষ্টিকে সুন্দর করে সৃষ্টি করেছেন এবং কাদা মাটি থেকে মানুষ সৃষ্টির সূচনা করেছেন। — আল-বায়ান

যিনি সব কিছুকে উত্তমরূপে সৃষ্টি করেছেন, আর মানুষ সৃষ্টির সূচনা করেছেন মাটি থেকে। — তাইসিরুল যিনি তাঁর প্রত্যেক সৃষ্টিকে সৃষ্টি করেছেন উত্তম রূপে এবং কাদা মাটি হতে মানব সৃষ্টির সূচনা করেছেন। — মুজিবুর রহমান

Who perfected everything which He created and began the creation of man from clay. — Sahih International

- ৭. যিনি তাঁর প্রত্যেকটি সৃষ্টিকে সৃজন করেছেন উত্তমরূপে(১) এবং কাদা হতে মানব সৃষ্টির সূচনা করেছেন।
 - (১) অর্থাৎ তিনি যেভাবে সৃষ্টি করেছেন সেটাই উত্তম ও সুন্দর। [তাবারী] মুজাহিদ বলেন, তিনি প্রতিটি বস্তুর সৃষ্টি অত্যন্ত মজবুত ও নৈপুণ্য সহকারে সম্পন্ন করেছেন। [আত-তাফসীরুস সহীহ]

তাফসীরে জাকারিয়া

- (৭) যিনি তাঁর প্রত্যেকটি সৃষ্টিকে উত্তমরূপে সৃজন করেছেন[1] এবং মাটি হতে মানব-সৃষ্টির সূচনা করেছেন।[2]
 - [1] অর্থাৎ, যা কিছু আল্লাহ সৃষ্টি করেছেন, তা যেহেতু আল্লাহর হিকমত ও ইচ্ছা অনুযায়ী সেহেতু প্রতিটি বস্তুতেই এক বিশেষ সৌন্দর্য ও উৎকৃষ্টতা আছে। বলা বাহুল্য, তাঁর সৃষ্টির সকল জিনিসই সুন্দর। অনেকে أَحَكُمُ وَأَتَقَنَ وَالْمَا مِنْ مَا مَا مُوالْمَا مُوالْمُولِ مُوالْمَا مُوالْمَا مُوالْمُولِ مُوالْمَا مُوالْمَا مُوالْمُولِ مُوالْمَا مُوالْمَا مُوالْمُولِ مُوالْمَا مُوالْمُولِ مُوالْمَا مُوالْمُولِ مُوالْمَا مُولِي مُوالْمُولِ مُولِي مُلِي مُولِي مُولِي مُولِي مُولِي مُولِي مُولِي مُولِي مُولِي مُولِ
 - [2] অর্থাৎ, সর্বপ্রথম মানুষ আদম (আঃ)-কে মাটি দ্বারা সৃষ্টি করেছেন যাঁর নিকট থেকে মানব জন্মের সূচনা হয়েছে এবং তাঁর স্ত্রী হাওয়াকে তাঁর বাম পার্শেবর অস্থি থেকে সৃষ্টি করেছেন; তা হাদীস দ্বারা বুঝা যায়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3510

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন